গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১১৪

## এইচএসসিতে সারা দেশের ন্যায় রাজশাহীতেও কমেছে পাশের হার

রাজশাহী; ৩১ আশ্বিন (১৬ অক্টোবর):

বিগত বছরগুলোর তুলনায় রাজশাহী শিক্ষা বোর্ডে এবার এইচএসসিতে পাশের হার কমেছে। আজ বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় রাজশাহী শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর আ.ন.ম. মোফাখখারুল ইসলাম আনুষ্ঠানিকভাবে বোর্ডের এইচএসসির ফলাফল ঘোষণা করেন। এবছর রাজশাহী বোর্ডে পাসের হার ৫৯ দশমিক ৪ শতাংশ।

ঘোষিত ফলাফলে দেখা যায়, এ বোর্ডে ছাত্রদের তুলনায় ছাত্রীরা ভালো ফলাফল করেছে। ছাত্রদের পাশের হার যেখানে ৫০ দশমিক ৬৯ শতাংশ সেখানে ছাত্রীদের পাশের হার ৬৮ দশমিক ৬৯ শতাংশ। বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ১০ হাজার ১৩৭ জন শিক্ষার্থী। জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রেও মেয়েরা ছেলেদের পিছনে ফেলেছে। ৫ হাজার ৬৮২ জন মেয়ে জিপিএ-৫ পেলেও ছেলেদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে মাত্র ৪ হাজার ৪৫৫ জন।

বোর্ডের ৭৫০টি কলেজের মধ্যে ১৮টি কলেজে শতভাগ পরিক্ষার্থী পাশ করেছে অন্যদিকে ৩৫টি কলেজের কোনো পরিক্ষার্থী পাশ করেনি। এ বোর্ডে মোট ১ লক্ষ ৩৪ হাজার ১৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ হাজার ২৫৬ জন অনুপস্থিত ছিল। আর পরীক্ষা চলাকালে বহিষ্কার হয় ১৩ জন।

উল্লেখ্য যে, ৬৪ দশমিক ৬২ শতাংশ পাশের হার নিয়ে সারাদেশে প্রথম অবস্থানে রয়েছে ঢাকা বোর্ড এবং দ্বিতীয় অবস্থানে থাকা বরিশাল বোর্ডের পাশের হার ৬২ দশমিক ৫৭ শতাংশ। পাশের হারে রাজশাহী বোর্ডের অবস্থান তৃতীয়।

....................................................
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd